

2022 সেপ্টেম্বর

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট - নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন সহ সকল স্কুল ডিস্ট্রিক্টকে পরিবারের কাছ থেকে 2022-23 শিক্ষা বছরে শিক্ষার্থীর ডিভাইস লভ্যতা এবং ইন্টারনেট সংযোগ সংক্রান্ত তথ্য সংগ্রহ আবশ্যিক করে। পরিবারদের জন্য এটা যতটুকু সম্ভব সহজ করতে, DOE একটি ডিজিটাল সাম্য সম্পর্কিত পরিবারের জন্য প্রশ্নাবলী NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এ (NYCSA) (<https://www.schools.nyc.gov/nycsa>) যোগ করেছে, যেখানে আপনার কিভারগার্টেন থেকে 12 গ্রেডের প্রতিটি শিক্ষার্থীর জন্য উত্তর প্রদান করতে পারবেন।

প্রশ্নাবলী আপনার পরিবারের ডিজিটাল লভ্যতা সম্পর্কে নয়টি সংক্ষিপ্ত প্রশ্ন করবে (আনুমানিক পাঁচ মিনিট সময় লাগবে), এবং আপনার জবাবসমূহ স্কুল ও ডিস্ট্রিক্টের চাহিদা শনাক্ত করতে, রিসোর্স ও অর্থায়ন সুযোগসমূহের লক্ষ্য নির্ধারণ করতে, এবং নীতি ও আইন প্রণয়ন উদ্যোগে ব্যবহৃত হবে।

আপনার একটি NYC স্কুলস্ অ্যাকাউন্ট ([schoolsaccount.nyc](https://schoolsaccount.nyc.gov)) আছে কি? আপনি আজই একটি পেতে পারেন! দ্রুত এবং সহজে সাইন আপ করা যায়! আপনার সন্তানের স্কুলের স্টাফ আপনার শিক্ষার্থীকে/দের যোগ করতে সহায়তা করতে পারেন, যেন আপনি গ্রেড ও পরীক্ষার ফলাফল সহ তাদের তথ্য পেতে পারেন। এছাড়াও আপনি প্যারেন্ট ইউনিভার্সিটির ক্লাসসমূহে অংশগ্রহণ, বুলিইং রিপোর্ট, কোভিড-19 (COVID-19) পরীক্ষার সম্মতির ফর্ম স্বাক্ষর, এবং আরো অনেক কিছু করতে পারেন।

যদি আপনার কোনও NYCSA অ্যাকাউন্ট না থেকে থাকে, তবে আপনি DOE ওয়েবসাইট থেকে প্রশ্নাবলীর কাগজে মুদ্রিত সংস্করণটি ব্যবহার করতে পারেন (<https://www.schools.nyc.gov/DigitalEquity>), আপনার স্কুলে জরিপটি জমা দিতে পারেন, এবং স্কুলের স্টাফ আপনার জবাবগুলো গৃহীত হয়েছে কিনা তা নিশ্চিত করতে পারেন।

আপনার সহযোগীতা এবং অংশীদারিত্বের জন্য ধন্যবাদ। আমরা জানি এই তথ্য সকল NYC পাবলিক স্কুলের শিক্ষার্থী ও পরিবারদের ডিজিটাল শিক্ষণ ও লভ্যতায় সহায়তা করবে।

বিনীত,

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন